কোম্পানি একীভূতকরণ ও অধিগ্রহণ প্রক্রিয়া সহজতর হচ্ছে

কোম্পানি একীভূতকরণ ও অধিগ্রহণ প্রক্রিয়ার গুরুত্ব বিবেচনা করে এ-সংক্রান্ত বিধিবিধান সহজতর ও পূর্ণাঙ্গ করার উদ্যোগ নিয়েছে সরকার। নতুন কোম্পানি আইন প্রণয়নের ক্ষেত্রে একীভূতকরণ ও অধিগ্রহণের বিষয়টিকে গুরুত্ব দেয়া হচ্ছে। যত দ্রুত সম্ভব প্রস্তাবিত আইনটি জাতীয় সংসদে উত্থাপনের জন্য উদ্যোগ নেয়া হবে। গতকাল রাজধানীর দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশের (আইসিএবি) অডিটোরিয়ামে আয়োজিত 'ব্যবসা সহজীকরণে কোম্পানি আইনের আধুনিকায়ন' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান বাণিজ্য সচিব শুভাশীষ বসু।http://bonikbarta.net

প্রস্তাবিত বাজেটকে স্বাগত জানিয়েছে ডিএসই

৭ জুন জাতীয় সংসদে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের প্রস্তাব করা বাজেটকে স্বাগত জানিয়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) কর্তৃপক্ষ। এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিএসই বলে, ২০১৮-১৯ অর্থবছরের জন্য সংসদে ৪ লাখ ৬৪ হাজার ৫৭৩ কোটি টাকার যে বাজেট অর্থমন্ত্রী পেশ করেছেন, তা বর্তমান সরকারের দুই মেয়াদে টানা দশম বাজেট। টানা দশম বাজেট উপস্থাপনের গৌরব অর্জন করায় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছে স্টক এক্সচেঞ্জটি। 'সমৃদ্ধ আগামীর পথযাত্রায় বাংলাদেশ' শিরোনামে টেকসই ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার সুপরিকল্পিত কর্মপন্থা ও ব্যবস্থাপনা কৌশলপত্র অভিহিত করে প্রস্তাবিত বাজেটকে স্বাগত জানায় ডিএসই। http://bonikbarta.net

কাঠামোগত সংস্কারের কোনো দিকনির্দেশনা নেই

২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে কাঠামোগত কোনো সংস্কারের দিকনির্দেশনা নেই। জাতীয় সংসদে উত্থাপিত বাজেট প্রস্তাবনা নিয়ে প্রতিক্রিয়ায় সাউথ এশিয়ান নেটওয়ার্ক ফর ইকোনমিক মডেলিংয়ের (সানেম) এ অভিমত গতকাল প্রকাশ করা হয়। রাজধানীর ব্র্যাক সেন্টার ইন মিলনায়তনে 'বাংলাদেশের অর্থনীতির ত্রৈমাসিক পর্যালোচনা' শীর্ষক এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে সানেম। অনুষ্ঠানে ত্রৈমাসিক পর্যালোচনার বাইরে বাজেট নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সানেমের নির্বাহী পরিচালক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সেলিম রায়হান। অনুষ্ঠানে বাজেটের বিভিন্ন বিষয় তুলে ধরে প্রতিক্রিয়া জানান সানেমের গবেষণা পরিচালক সায়মা হক বিদিশা, গবেষক নাজমুল অভি হোসেন, ইফফাত আঞ্জুম ও জোবায়ের হোসেন। http://bonikbarta.net

কর বৃদ্ধির প্রস্তাব নিয়ে চিন্তিত নয় বিজিএমইএ

আগামী ২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে পোশাক খাতের করপোরেট কর ১২ থেকে বৃদ্ধি করে ১৫ শতাংশ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এছাড়া নতুন করে কোনো কর নির্ধারণের ঘোষণা না দেয়ায় পোশাক

রফতানিতে উেস কর দশমিক ৭০ থেকে বেড়ে ১ শতাংশ হয়ে যাচ্ছে। তবে কর বৃদ্ধি নিয়ে মোটেও চিন্তিত নয় পোশাক শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ। সংগঠনটির নেতারা বলেছেন, সরকারের সর্বোচ্চ পর্যায়ের সঙ্গে আলোচনায় করপোরেট কর ও উেস কর কমে আসবে।http://bonikbarta.net

ট্রাম্পের বাণিজ্যযুদ্ধের হুমকিতে জি৭ সম্মেলনে সুস্পষ্ট বিভেদ

বৈশ্বিক বাণিজ্য ব্যবস্থার ওপর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আঘাত মোকাবেলা, নিজেদের মধ্যে মতভেদ দূর ও একজোট হয়ে কাজ করার ইচ্ছার প্রতিফলন ঘটাতে শুক্রবার কানাডায় বৈঠকে বসেন বিশ্বের ধনী দেশগুলোর জোট জি৭-এর নেতারা। দুদিনের বৈঠক শেষে জোটের বাণিজ্যিক সম্পর্কের পর্যালোচনা নিয়ে যৌথ বিবৃতি আসতে পারে বলে আশা করা হচ্ছে। খবর এএফপি ও ব্লুমবার্গ। এবারের বৈঠকের কেন্দ্রে ছিল ডোনাল্ড ট্রাম্পের বাণিজ্যনীতি। বিশ্ব বাণিজ্য ব্যবস্থা নিয়ে ট্রাম্পের অবস্থান এরই মধ্যে পশ্চিমা জোটে গভীর ফাটল তৈরি করেছে। এবারের বৈঠকে নিজেদের ভাঙা সম্পর্ক বাঁচানোর প্রচেষ্টা করছেন জি৭-এর নেতারা। তবে ট্রাম্প ও জি৭-এর অধিকাংশ নেতারা যুদ্ধংদেহী মনোভাব নিয়ে বৈঠক শুরু করায় ঐকমত্য নিয়ে খুব একটা আশাবাদ দেখা যাচ্ছে না।http://bonikbarta.net

মে মাসেও চীনে উৎপাদক মূল্যস্ফীতি বেড়েছে

কমোডিটি পণ্যের দাম বেশি থাকায় মে মাসেও চীনে উৎপাদক পর্যায়ে মূল্যস্ফীতি বেড়েছে। টানা দুই মাস উৎপাদক মূল্যস্ফীতি বৃদ্ধিতে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতির দেশটিতে প্রবৃদ্ধির গতি অপরিবর্তিত থাকবে বলে ধারণা করা হচ্ছে। যদিও দূষণ কমাতে কঠোর পদক্ষেপ এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান বাণিজ্য উত্তেজনার পরিপ্রেক্ষিতে আশঙ্কা রয়েছে, চীনের অর্থনৈতিক সম্প্রসারণ শ্লথ হয়ে পড়বে। খবর রয়টার্স। চীনের ন্যাশনাল ব্যুরো অব স্ট্যাটিস্টিকস (এনবিএস) শনিবার জানিয়েছে, খাদ্যপণ্যের মূল্য এখনো অনেকাংশে স্থিতিশীল থাকার সুবাদে এপ্রিলের তুলনায় মে মাসে বার্ষিক ভোক্তা মূল্যস্ফীতিতে এখনো ভারসাম্য অবস্থা বিরাজ করছে।http://bonikbarta.net

ভারতে পেঁয়াজের দাম কমেছে কুইন্টালে ২ হাজার ৭০০ রুপি

মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, হরিয়ানা, রাজস্থান, গুজরাটসহ উত্তর ভারতের রাজ্যগুলোয় সবচেয়ে বেশি পেঁয়াজ উৎপাদন হয়। মধ্যপ্রদেশের ইন্দোর জেলার মান্দিতে এশিয়ার সবচেয়ে বড় পেঁয়াজ বেচাকেনার কেন্দ্র অবস্থিত। এখান থেকে পুরো ভারতে পেঁয়াজ সরবরাহ করা হয়। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে পেঁয়াজ রফতানির কেন্দ্র হিসেবে মান্দি সুপরিচিত। স্থানীয় পাইকারি বাজারে তিন মাসের ব্যবধানে পেঁয়াজের দাম কুইন্টালপ্রতি ২ হাজার ৭০০ রুপি বা ৭৯ শতাংশ কমে এসেছে। ইন্দোর ছাড়াও দেশটির পেঁয়াজ বিপণনকারী অন্য কেন্দ্রগুলোতেও পণ্যটির দাম উল্লেখযোগ্য পরিমাণ কমেছে। খরিফ মৌসুমে বাম্পার ফলনের কারণে সরবরাহ বেড়ে যাওয়ার জের ধরে ভারতের বাজারে পেঁয়াজের দাম কমেছে বলে জানিয়েছেন খাতসংশ্লিষ্টরা। খবর বিজনেস স্ট্যান্ডার্ড ও ইকোনমিক টাইমস। ভারতের ডিপার্টমেন্ট অব কনজিউমার অ্যাফেয়ার্সের তথ্য অনুযায়ী, ২০১৮ সালের ফেব্রুয়ারির শেষ নাগাদ মান্দির পাইকারি বাজারে প্রতি কুইন্টাল পেঁয়াজ বিক্রি হয়েছিল ৩ হাজার ৪০০ রুপিতে। তিন মাসের ব্যবধানে স্থানীয় বাজারে পণ্যটির দাম ৭৯ শতাংশ কমে এসেছে। মে মাসের শেষে নাগাদ পণ্যটির ব্যাপক দরপতন হয়। বর্তমানে স্থানীয় বাজারে প্রতি কুইন্টাল পেঁয়াজ বিক্রি হচ্ছে ৭০০ রুপিতে। সেই হিসাবে, মান্দিতে পেঁয়াজের দাম কুইন্টালপ্রতি ২ হাজার ৭০০ রুপি কমেছে।http://bonikbarta.net